**ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED**
**(A Subsidiary of ICB)**
Green City Edge (4th Floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
Telephone: +88-02-8300412 (Hunting), Fax:+88-02-8300416
E-mail: info@icbamcl.com.bd; Web: www.icbamcl.com.bd

# আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড-এর বিনিয়োগ কার্যক্রমের শুভ উদ্বোধন



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী (মুজিববর্ষ) উদ্‌যাপন উপলক্ষে দেশের একমাত্র রাষ্ট্রায়ত্ত বিনিয়োগ প্রতিষ্ঠান ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানি আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইসিবি এএমসিএল) এর যৌথ উদ্যোগে দেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখার লক্ষ্যে বাজারজাতকৃত বে-মেয়াদি, বর্ধিষ্ণু (Growth) মিউচ্যুয়াল ফান্ড **"আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড"** এর বিনিয়োগ কার্যক্রমের শুভ উদ্বোধন ১৮ মার্চ ২০২১ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় আইসিবি এএমসিএল এর প্রধান কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত হয়। বিনিয়োগ কার্যক্রমের শুভ উদ্বোধন করনে আইসিবি ও আইসিবি এএমসিএল এর মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ কিসমাতুল আহসান। বিনিয়োগ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইসিবি'র মহাব্যবস্থাপকগণ, আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড ও আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তাগণ। এছাড়া অনুষ্ঠানে আইসিবি'র তিনটি সাবসিডিয়ারি কোম্পানির উর্ধ্বতন কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। ফান্ডের প্রাথমিক আকার ২০.০০ (বিশ) কোটি টাকা এবং ইউনিটের অভিহিত মূল্য ১০.০০ (দশ) টাকা। ফান্ডের ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং সম্পদ ব্যবস্থাপক হিসেবে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড দায়িত্ব পালন করছে।